

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৯৫.২৩ নথির বিষয়: এল এ কেস নং- ০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত গজারিয়া মৌজাখিত দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জমি ঢাকা ওয়াসার নামে নামজারি প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: এল এ কেস নং- ০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত গজারিয়া মৌজাখিত দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জমি ঢাকা ওয়াসার নামে নামজারি প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৭/৯/২৩ ১২:২৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে এল এ কেস নং-০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে ঢাকা জেলার খিলগাঁও থানাধীন গজারিয়া মৌজায় ৬০.০০ একর জমি দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জন্য ঢাকা ওয়াসার অনুকূলে অধিগ্রহণ করা হয়। উক্ত অধিগ্রহণকৃত জমি গত ০৪/০৮/২০১৬ ইং তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতিনিধি ঢাকা ওয়াসার প্রতিনিধির নিকট দখল হস্তান্তর করেন। এছাড়া গত ১৩ ই এপ্রিল ২০১৭ তারিখে উক্ত জমির গেজেট প্রকাশিত হয় (গেজেটের কপি সংযুক্ত)। আলোচ্য জায়গাতে বর্তমানে ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগার চালু রয়েছে।

সংযুক্তিসমূহ (১):

১। গেজেটের কপি.

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৭/৯/২৩ ১২:৩৫ অপরাহ্ন

এই বিষয়ে উল্লেখ্য যে এল এ কেস নং-০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের জমি ঢাকা ওয়াসার নামে নামজারির নিমিত্তে গত ০৯/০৩/২০২৩ তারিখে সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও সার্কেল বরাবর দাখিলকৃত ৬৪৪৮৬৯৭ নং আবেদনের মাধ্যমে ৪.৪১৩৫ একর এবং ২১/০৮/২০২৩ তারিখে দাখিলকৃত ৭৪৩৭৪০৯ নং আবেদনের মাধ্যমে ৫.৩৫৫০ একর জমি ঢাকা ওয়াসার নামে নামজারির কাজ সম্পন্ন হয়েছে (নামজারি খতিয়ানের কপি সংযুক্ত)। দুইটি আবেদনের মাধ্যমে ঢাকা ওয়াসার নামে মোট $(৪.৪১৩৫ + ৫.৩৫৫০) = ৯.৭৬৮৫$ একর জমি নামজারি করা হয়েছে।

সংযুক্তিসমূহ (১):

১। নামজারি খতিয়ানের কপি.

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৭/৯/২৩ ১২:৪৫ অপরাহ্ন

ঢাকা ওয়াসার নামে ৯.৭৬৮৫ একর জমি নামজারির জন্য সংশ্লিষ্ট মৌজার সিটি জরিপের কমবেশি ৫৫ টি খতিয়ান আবেদনের সাথে দাখিল করতে হয়েছে। প্রতিটি খতিয়ান উত্তোলনের জন্য খরচ হয় ৩০০/- টাকা। উক্ত দুইটি আবেদনের অনুকূলে সরকারি ফি বাবদ অর্থ্যাৎ কোর্ট ফি $(৭০+৭০)=১৪০/-$ এবং ডিসিআর ফি $(১১০০+১১০০)= ২২০০/-$ টাকা খরচ হয়েছে (কোর্ট ফি এবং ডিসিআর ফি এর কপি সংযুক্ত)।

সংযুক্তিসমূহ (১):

১। কোর্ট ফি এবং ডিসিআর ফি এর কপি.

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৭/৯/২৩ ১২:৫০ অপরাহ্ন


এল এ কেস নং-০৩/২০১৪-২০১৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্পের ৯.৭৬৮৫ একর জমির নামজারি বাবদ নিম্নলিখিত টাকা খরচ হয়েছে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

i. কোর্ট ফি বাবদ	৭০ x ২ = ১৪০/-
ii. ডিসিআর ফি বাবদ	১১০০ x ২ = ২২০০/-
iii. সিটি জরিপের খতিয়ান বাবদ	৫৫ x ৩০০ = ১৬৫০০/-
মোট = ১৮,৮৪০/-	


অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২৭/৯/২৩ ১২:৫১ অপরাহ্ন

এমতাবস্থায় বর্ণিত জমির নামজারি বাবদ উপরে উল্লেখিত ১৮,৮৪০/- (আঠারো হাজার আটশত চল্লিশ) টাকা মাত্র ভূমি বিভাগের অনুকূলে বরাদ্দকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটের ভূমি রক্ষনাবেক্ষন খাত হতে উপ-সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসার অনুকূলে অস্থায়ী অগ্রীম সদয় অনুমোদন দেয়া যায়। সদয় পেশ করা হলো।

			
২৭/৯/২৩ ১২:৫৩ অপরাহ্ন শরীফ হোসেন সার্ভেয়ার ভূমি বিভাগ	৩০/৯/২৩ ১:৩২ অপরাহ্ন মোঃ খবির হোসেন সহকারী সচিব (চলতি দায়িত্ব) ভূমি বিভাগ	১/১০/২৩ ৯:৩৩ পূর্বাহ্ন শামীম নাজিবা উপ-সচিব ভূমি বিভাগ	১/১০/২৩ ৯:৩৩ পূর্বাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ২/১০/২৩ ৪:০৮ অপরাহ্ন

Approved

		
২/১০/২৩ ৪:০৮ অপরাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	২/১০/২৩ ৬:০৫ অপরাহ্ন শামীম নাজিবা উপ-সচিব ভূমি বিভাগ	২/১০/২৩ ৬:০৫ অপরাহ্ন শরীফ হোসেন সার্ভেয়ার ভূমি বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা